

গ্রামেতে এল এক সুদখোর কঞ্জুস
নাম তার রামলাল খোঁড়,
“টাকার-কুমীর” নামে খ্যাত ।
ছাড়িতনা সুদ একটি পয়সাও
যতই হাতে পায়ে ধরো ।
তুলসীর-মালা গলায় তার
হরিনাম ঝোলা হাতে,
আর গায়েতে নামাবলী ।
সুদের হিসাব করিতে করিতে
বড়াতো উঠানে ও ছাতে
আধপেটা খেয়ে, ছেড়া তেনা পরে
টাকা রাখিত মাটিতে গেড়ে ।
একমুঠি ভিক্ষা চাইলে কেহ
লাঠি নিয়ে যেত তেড়ে
সহসা একদা হইল বন্যা
নিয়ে গেল সব ভাসিয়ে,
সারা জীবনের সঞ্চিত ধন
গেল বন্যায় ভেসে ।
কোন মতে তার প্রাণ নিয়ে
উঠিল রিলিফ্‌ কাম্পে ।